অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/30/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের পানিতে ক্ষতিকর শৈবাল প্রস্ফুটিত হওয়া মোকাবেলার চ্যালেঞ্জের মাইলফলক ঘোষণা করেছেন

SUNY ESF এবং ক্লার্কসন ইউনিভার্সিটি শৈবাল প্রস্ফুটন হ্রাসে নতুন প্রযুক্তি ব্যবহারের স্টেটের চ্যালেঞ্জে সাড়া দিয়ে এগিয়ে এসেছে

12 আগস্ট বুধবার, লেক নিটাওয়ান্টায় প্রস্ফুটন মোকাবেলায় পরীক্ষামূলক প্রকল্প সম্পর্কে ভার্চুয়াল পাবলিক ইনফরমেশন সেশনের আয়োজন করবে DEC

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে স্টেট ইউনিভার্সিটি অফ নিয় ইয়র্ক (SUNY) কলেজ অফ এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ফরেস্ট্রি (Environmental Science and Forestry, ESF) এবং ক্লার্কসন ইউনিভার্সিটি ক্ষতিকর শৈবাল প্রস্ফুটন বা "HAB" মোকাবেলায় নতুন প্রযুক্তি প্রয়োগ করবে, এই গ্রীষ্মে লেক নিটাওয়ান্টায়। 2019 সালে গভর্নর কুওমো এই প্রধান গবেষণা প্রতিষ্ঠানগুলোকে চ্যালেঞ্জ জানিয়েছেন পানির গুণগত মান সম্পর্কে তাদের বৈজ্ঞানিক দক্ষতা ব্যবহার করে নতুন এবং উদ্ভাবনী প্রযুক্তি রপ্ত করে HAB-এর প্রভাব কমাতে। SUNY ESF এবং ক্লার্কসন ইউনিভার্সিটি এই গ্রীষ্মে তাদের পরীক্ষামূলক আবিষ্কারের কার্যকারিতা প্রদর্শন করবে। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন 12 আগস্ট বুধবার, সন্ধ্যা 6টা থেকে রাত ৮টা পর্যন্ত পরীক্ষামূলক প্রকল্পের নিয়োগ সম্পর্কে একটি ভার্চুয়াল পাবলিক ইনফরমেশন সেশনের আয়োজন করবে।

"নিউ ইয়র্ক দেশের কিছু সেরা গবেষণা প্রতিষ্ঠানের বাসস্থান, তাই আমি SUNY ESF এবং ক্লার্কসন ইউনিভার্সিটিকে চ্যালেঞ্জ করেছি নতুন, জাতির নেতৃস্থানীয় প্রযুক্তি উন্নয়নের জন্য যা আমাদের জলপথকে আক্রমণ করা শৈবাল মোকাবেলা করতে পারে," **গভর্নর কুওমো বলেন।** "আমাদের স্টেটের মূল্যবান পানি রক্ষা করা সর্বোচ্চ অগ্রাধিকার, এবং এই গ্রীষ্মে লেক নিটাওয়ান্টা আবিষ্কারের জন্য পরীক্ষামূলক ভিত্তি হিসেবে কাজ করবে যা এই ক্ষতিকর শৈবালের হুমকি কমাতে স্টেট জুড়ে ব্যবহার করার সম্ভাবনা আছে।"

লেক নিটাওয়ান্টা ওসওয়েগো কাউন্টির ফুলটন শহরের কাছে একটি 715 একর হ্রদ, যা সাঁতার, বোটিং এবং মাছ ধরা সহ বিনোদনের জন্য ব্যবহৃত হয়। হ্রদটিতে প্রতি বছর ব্যাপক HAB থাকে। DEC দ্বারা সংগৃহীত সাম্প্রতিক হ্রদের পানির গুণগত মানের তথ্য নির্দেশ করে যে হ্রদ HAB এর

সাথে সংশ্লিষ্ট উচ্চ মাত্রার পুষ্টি, বীজতলা, এবং টক্সিন সহ ইউট্রফিক। 2012 সালে DEC এর HAB পর্যবেক্ষণ কর্মসূচী শুরু হওয়ার পর থেকে লেক নিটাওয়ান্টার HAB নথিভুক্ত করা হয়েছে, এবং সাধারণত মে মাসে শুরু হয় এবং অক্টোবরের শেষ পর্যন্ত পুরো গ্রীষ্মজুড়ে চলতে থাকে।

2019 সালের মার্চ মাসে নিউ ইয়র্ক স্টেট ক্লার্কসন ইউনিভার্সিটি এবং SUNY ESF কে সুস্থ পানি সমাধানে একটি নতুন সেন্টার অফ এক্সেলেন্স (Center of Excellence, CoE) সহ-নেতৃত্ব দেওয়ার জন্য মনোনীত করে। ক্লার্কসনের বিশ্বমানের প্রযুক্তিগত ও প্রকৌশল উদ্ভাবন দক্ষতা এবং ESF এর বিখ্যাত দক্ষতা পর্যবেক্ষণ, বাস্তুতন্ত্র ব্যবস্থাপনা, এবং সমাধান উন্নয়ন অনন্যভাবে CoE কে সরকারি এবং বেসরকারি ক্ষেত্রে অংশিদারিত্ব তৈরির অবস্থানে নিয়ে গিয়েছে। সুস্থ পানি সমাধানে নতুন ক্লার্কসন - SUNY ESF CoE -এর মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং প্রাণশক্তির জন্য একটি ইঞ্জিন হিসেবে কাজ করার সময় জনগণের স্বাস্থ্য এবং রাষ্ট্রের বাস্তুতন্ত্র রক্ষার জন্য একটি আন্তর্জাতিক মডেল তৈরি করছে।

2019 সালে গভর্নর কুওমো দ্বারা চ্যালেঞ্জ পাওয়ার পর, SUNY ESF এবং ক্লার্কসন ইউনিভার্সিটির প্রত্যেকে একটি করে HAB কমানোর অভিনব প্রযুক্তি উদ্ভাবন করেছে। প্রযুক্তি যথাক্রমে হাইড্রোজেন পারক্সাইড এবং ইলেক্ট্রোকেমিক্যাল অক্সিডেশন ফিল্টারেশনসহ হাইড্রোডাইনামিক ক্যাভিটেশন। যদিও এই প্রযুক্তি বর্তমানে প্রোটোটাইপ অবস্থায় আছে, DEC আশা করছে যে উভয় প্রতিষ্ঠানই এই গ্রীষ্মে HAB-এর দূরীকরণ মূল্যায়নের জন্য পূর্ণ আঙ্গিকের ডিভাইস সহ প্রস্তুত থাকবে।

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "আমাদের স্টেট, ফেডারেল, একাডেমিক এবং স্থানীয় অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে এবং গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর HAB উদ্যোগের সমর্থন লাভ করে, DEC পরিবেশগত, বিনোদনমূলকএবং গণস্বাস্থ্যের উপর HAB এর প্রভাব আগ্রাসীভাবে মোকাবেলা করছে। আমরা জনগণকে এই ভার্চুয়াল পাবলিক ইনফরমেশন সেশনের জন্য আমাদের সাথে যোগ দিতে উৎসাহিত করছি SUNY ESF এবং ক্লার্কসন ইউনিভার্সিটির পরীক্ষামূলক পাইলট প্রকল্প সম্পর্কে জানতে এবং হ্রদের পানির মান উন্নয়নের জন্য লেক নিটাওয়ান্টা সম্প্রদায়ের সাথে আমরা কাজ চালিয়ে যাব।"

SUNY ESF-এর গবেষণার ভাইস প্রেসিডেন্ট ক্রিস্টোফার নোমুরা বলেন, "সেন্টার অফ এক্সেলেন্সের মাধ্যমে ক্লার্কসন এবং ESF-এর জোরালো গবেষণা উদ্যোগ গুরুত্বপূর্ণ অন্তর্দৃষ্টি উদ্ঘাটন করেছে যা আমাদের উপলব্ধিকে আরও গভীর করে এবং জীবনদানকারী পানি সম্পদ বজায় রাখার জন্য আমাদের প্রচেষ্টাকে শক্তিশালী করে। এই প্রচেষ্টার ফলাফল আমাদের অঞ্চলের অন্যতম বৃহৎ সম্পদ - আমাদের প্রাকৃতিক জলপথ - রক্ষায় সুদূর প্রসারী প্রভাব ফেলবে - যে সম্পদ জলবায়ু পরিবর্তনের মুখে ক্রমবর্ধমানভাবে মূল্যবান হয়ে উঠছে এবং মানব স্বাস্থ্য এবং প্রাকৃতিক পরিবেশ রক্ষার জন্য আমাদের কাজের কেন্দ্রবিন্দুতে পরিণত হচ্ছে।"

ক্লার্কসন প্রেসিডেন্ট টনি কলিন্স বলেন, "আমরা নিউ ইয়র্কের মূল্যবান পানি সম্পদ রক্ষার জন্য জাতীয় এবং স্টেটব্যাপী তাৎক্ষণিক পদক্ষেপের প্রয়োজনীয়তা অনুধাবন করি, এবং একসাথে আমরা

নতুন হুমকি প্রশমনে নতুন প্রযুক্তি উদ্ভাবন করেছি যা প্রজন্মের পর প্রজন্ম ধরে আমাদের পানি সম্পদ রক্ষায় সাহায্য করবে।"

12 আগস্টের ভার্চুয়াল পাবলিক ইনফরমেশন সেশনের জন্য নিবন্ধন করতে, https://www.eventbrite.com/e/nysdec-webinar-harmful-algal-bloom-project-on-lake-neatahwanta-tickets-115367176330 ভিজিটকরুন।

যখন HAB এর কথা আসে, তখন DEC নিউ ইয়র্কবাসীদের উৎসাহ দেয় "এ সম্পর্কে জানতে", "এড়িয়ে চলতে", "রিপোর্ট করতে"।

- এ সম্পর্কে জানতে - প্রাকৃতিকভাবে জন্মানো ক্ষতিকর HAB দেখতে বিভিন্ন হয়ে থাকে, জলে বিক্ষিপ্ত সবুজ বিন্দু থেকে, লম্বা, রৈখিক সবুজ টান, মটরের স্যুপ বা ছড়িয়ে পড়া সবুজ রং, নীলচে-সবুজ বা সাদা বর্ণের।
- এড়িয়ে চলতে - মানুষ, পোষা প্রাণী এবং গবাদি পশু সেই পানির সাথে যোগাযোগ এড়িয়ে চলা উচিত যার রঙ চটে গেছে বা যার পৃষ্ঠের উপর শ্যাওলার স্কাম রয়েছে।
- রিপোর্ট করতে - যদি কেউ কোন HAB আছে বলে সন্দেহ করেন তাহলে DEC-র ওয়েবসাইটে পাওয়া NYHAB এর অনলাইন রিপোর্টিং ফর্মের মাধ্যমে তা রিপোর্ট করুন।

HAB সম্পর্কে আরও তথ্যের জন্য DEC এর ক্ষতিকর শৈবাল প্রস্ফুটন (HAB) ওয়েব পেজ ভিজিট করুন যা বসন্তের শেষ থেকে শরত পর্যন্ত প্রতিদিন আপডেট করা হয়। HAB সম্পর্কিত উপসর্গ বা স্বাস্থ্য উদ্বেগ harmfulalgae@health.ny.gov এ DOH এর কাছে রিপোর্ট করা উচিত।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন